গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
উন্নয়ন সার্ভে
http://www.sob.gov.bd
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০১৯.২৫.০০২.২৩ তারিখ: ৩০ নভেম্বর ২০২৫

বিষয়ঃ **২০২৫-২০২৬ মাঠ মৌসুমে টপোগ্রাফিক মানচিত্রের ফিল্ড ভেরিফিকেশ কাজের কারিগরি নির্দেশাবলী।**

২০২৫-২০২৬ মাঠ মৌসুমে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ১:২৫,০০০ স্কেলের টপোগ্রাফিক মানচিত্র ফিল্ড ভেরিফিকেশন কাজ যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত কারিগরি নির্দেশাবলী সংশ্লিষ্ট সকল কর্মচারীকে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

**নির্দেশাবলীঃ**

০১। (ক) ফিল্ড ভেরিফিকেশনের প্রয়োজনীয় সরঞ্জামাদি/মালামাল ফিল্ডে গমণের পূর্বে সংগ্রহ করতে হবে। Blue Print পাওয়ার পর পার্টি অফিস Print Quality, শিটের Dimension সহ সকল উপাত্ত অবশ্যই পরীক্ষা করবে। জরিপকালীন সময়ে বিশেষ কোন উপাত্ত ইতোমধ্যে স্থাপিত হলে তা যদি ব্লু-প্রিন্টে না থাকে তবে তা জরিপ করতে হবে।

(খ) মাঠে গমনের পূর্বেই ১:২৫,০০০ স্কেলের পূর্বের মানচিত্রের সাথে Plotter Print এর তুলনা করে প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী মাঠ জরিপের সময়ে উপাত্ত সংগ্রহ করতে হবে। মাঠ হতে আসার পর পূর্বের ১:২৫,০০০ স্কেলের মানচিত্র হতে উপাত্ত সংযোজন করার জন্য GIS Unit কে বলা যাবে না।

০২। নদী এলাকার মানচিত্রের নদীর পাড়, টাইডাল, নন-টাইডাল অর্থাৎ Flow Arrow, Tidal Arrow, High Water Line, Low Water Line এবং স্টিমার সার্ভিস, লঞ্চ সার্ভিস যথাযথভাবে জরিপ করতে হবে।

০৩। বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত ১:২৫,০০০ স্কেলের ম্যাপ স্পেসিফিকেশন অনুযায়ী বিভিন্ন ফিচারের তথ্য/উপাত্ত সংগ্রহ করতে হবে। অপরদিকে জিআইএস ফিচার কোড অত্যন্ত জরুরি বিধায় জরিপকৃত প্রতিটি ফিচার কোড জিআইএস হতে সরবরাহকৃত সর্বশেষ/ হালনাগাদ রেকর্ড কোড অনুসারে হার্ড কপিতে লিখতে হবে।

০৪। (ক) জরিপ কাজ শুরু করার পূর্বে ইনসারশন গাইড, ডিলেশন গাইড ও কালার ট্রেসের এক্সেসরিজ কাজ সম্পন্ন করতে হবে। জরিপকৃত সকল উপাত্ত হ্যান্ড হেল্ড জিপিএস/পিটি এর সাহায্যে সংগ্রহ করতে হবে।

(খ) ফিল্ডে গমনের পূর্বে ক্যাম্প অফিসার/ প্রকর্মীগণ হ্যান্ড হেল্ড জিপিএস এর ব্যবহার শিখবেন। যেমন- GPS Receiver সমুহ BUTM 2010 এ সেটিং করা ও Control Point এর সাথে Calibrate করা, Setup Option থেকে Time, Units ও Position Format পরীক্ষা করা, ইত্যাদি।

(গ) মাঠে গমন করেই প্রকর্মীগণ ক্যাম্পের নিকটস্থ GPS পিলারের স্থানাংকের সাথে নিজেদের Hand Held GPS দ্বারা সংগ্রহকৃত স্থানাংক তুলনা করবেন এবং ক্যাম্পে একটি Auxiliary পয়েন্ট তৈরি করে প্রতিদিন মাঠের কাজে যাওয়ার পূর্বে হ্যান্ড হেল্ড জিপিএস এর সঠিকতা নিশ্চিত করবেন।

(ঘ) প্রকর্মীগণ হ্যান্ড হেল্ড জিপিএস দ্বারা কমপক্ষে ৫ (পাঁচ) মিনিট পর্যবেক্ষণের পর সংগ্রহকৃত স্থানাংক সমূহের Accuracy 5m বা তার চেয়ে কম প্রদর্শিত হলে Save/Store করবেন এবং কো-অর্ডিনেট লিস্টে লিপিবদ্ধ করবেন। সংগ্রহকৃত Data কম্পিউটারে Download এবং Save/Store করবেন।

(ঙ) হ্যান্ড হেল্ড জিপিএস এর মাধ্যমে Data সংগ্রহের সময় জিআইএস হতে সরবরাহকৃত সঠিক Record-Code অবশ্যই দিতে হবে। হ্যান্ড হেল্ড জিপিএস হতে Data নির্দিষ্ট Software এর মাধ্যমে Download করে Laptop এ রাখতে হবে। Back up রাখারও ব্যবস্থা রাখতে হবে। অত:পর GPX_TO_ GIS Software ব্যবহার করে GIS এর উপযোগী করে Excel File প্রস্তুত করতে হবে। কোন মতেই Co-ordinate Type করে Excel File প্রস্তুত করা যাবে না। Coordinate বুকের স্থানের নাম অনুযায়ী এক্সেল ফাইল প্রস্তুত করতে হবে।

০৫। বরাদ্দকৃত শিটসমূহের মধ্যে যে সমস্ত শিটে GPS/BM আছে তা জিওডেটিক ডিটাচমেন্ট হতে সংগ্রহ করতে হবে এবং মাঠ হতে উক্ত GPS/BM এর Co-ordinate বর্ণনাসহ সংগ্রহ করে লিপিবদ্ধ করতে হবে। সংগৃহীত বর্ণনাপত্র মাঠের কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট পার্টি প্রধানের ফরোয়ার্ডিং এ Geodetic Detachment অফিসে অবশ্যই প্রেরণ করতে হবে। কোন GPS/BM শিটে না থাকলে তা প্লট করতে হবে।

০৬। জিআইএস হতে সরবরাহকৃত Record Code অনুসরণ করে Feature সমূহের নাম F_Name কলামে লিখে আনতে হবে যেমন Bashantek Jame Mosque, শুধু Mosque লিখলে হবেনা। একই গ্রামের বানান F_Name ও Vilage List এ গ্রাম, স্কুল, মসজিদ বা অন্যান্য ফিচার এ অবশ্যই একই বানানে থাকতে হবে। বাজারের নামের সাথে বার লেখার ক্ষেত্রে ক্রম অনুসরণ করতে হবে।

০৭। (ক) ব্লু -প্রিন্টে বিদ্যমান সকল উপাত্ত চেকিংসহ সকল মিসিং উপাত্ত যেমন- PO, DB, CH, Hospital, BTCL, জেলা, উপজেলা, ইউনিয়নের অবস্থান, কাঁচা, পাকা রাস্তাসহ সকল ব্রীজ/ কালভার্ট, ১১ KV এর বেশি KV বিশিষ্ট Power Transmission Line, Embankment, Relative Height সহ অন্যান্য গুরুত্বপূর্ণ সকল উপাত্ত Hand Held GPS Receiver এর দ্বারা অথবা প্রতিবন্ধকতা থাকলে প্লেনটেবিলের সাহায্যে জরিপ করতে হবে। সার্ভেয়ারগণকে অবশ্যই বরাদ্দকৃত শিটের মধ্যে ক্যাম্প স্থাপন করে মাঠ জরিপ কাজ করতে হবে।

(খ) স্পেসিফিকেশন মোতাবেক (১০০ বর্গমিটারের উপরে) প্রতিটি বিল্ডিং Insertion Guide এবং Co-ordinate List এ আনতে হবে যদি কোন মিসিং থাকে। তবে গুরুত্বপূর্ণ স্থাপনা আকারে ছোট হলেও আনতে হবে।

(গ) স্পেসিফিকেশন মোতাবেক (২,৫০০ বর্গ মিটারের উপরে) হ্রদ, পুকুর ইত্যাদির উপাত্ত আনতে হবে যদি মিসিং থাকে। বড় পুকুরের প্রত্যেক কর্ণারের Co-ordinate আনতে হবে।

০৮। (ক) মাঠ জরিপকালে মিসিং গুরুত্বপূর্ণ স্থাপনা / KPI এর চতুর্পার্শ্বের সীমানার Co-ordinate সংগ্রহ করে KPI সীমানা Insertion Guide এ প্রদর্শন করতে হবে। GIS Record অনুযায়ী KPI feature শনাক্ত করে আনতে হবে।

(খ) উপজেলা, জেলা ও বিভাগীয় বাউন্ডারি অবশ্যই স্থানীয় প্রশাসনিক প্রতিষ্ঠানের সহায়তায় গুরুত্ব সহকারে **Verify** করে আনতে হবে। ইউনিয়ন/উপজেলা বাউন্ডারি মানচিত্রের Details যেমন রাস্তা, নদী, খাল, রেললাইন, বনাঞ্চল ইত্যাদি ফিচারের সাথে মিল রেখে প্রয়োজনে Boundary এর বাঁকে বাঁকে Hand Held GPS দ্বারা Coordinate নিয়ে প্লট করে সর্বাধিক গুরুত্ব সহকারে অংকন করতে হবে।

(গ) মাঠ হতে সংগৃহীত ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগীয় সীমানা Symbol মোতাবেক "Boundary Guide" নামে আলাদা ট্রেসিং পেপারে অংকন করতে হবে। বাউন্ডারি **Verify ব্যতীত কোন শিট জমা নেওয়া হবে না। কোন** ইউনিয়ন/উপজেলার অন্তর্গত গ্রাম ও অন্যান্য নাম সমূহ ঐ ইউনিয়ন/ উপজেলা বাউন্ডারির ভিতরে সন্নিবেশ করতে হবে।

০৯। (ক) প্রকর্মীগণ মাঠে ভেরিফিকেশনের সময় সকল গ্রাম ও অন্যান্য নামসমূহ চেকিং করে ভুল/মিসিং ডাটা সর্বশেষ হালনাগাদ ২২ টপোতে লিপিবদ্ধ করবেন। স্থানীয় প্রশাসন কর্তৃক (যেমন ইউপি/পৌরসভা/সিটি কর্পোরেশন ইত্যাদি) সরবরাহকৃত তালিকা সংগ্রহ করতে হবে। উক্ত তালিকা অনুযায়ী ২২ টপো ফর্মের কলাম পূরণ করতে হবে। যেহেতু Basemap ইংরেজিতে হবে, সেহেতু প্রকর্মীগণ বাংলা ও ইংরেজি নাম ২২ টপো ফর্মে লিখবেন। ক্যাম্প অফিসার ও উপপরিচলিকগণ তাঁদের নির্ধারিত কলামে শুধুমাত্র ইংরেজি নাম লিখবেন। নামের বানানের ক্ষেত্রে ভিন্নতা থাকলে BBS (Bangladesh Bureau of Statistics) এর তথ্য প্রাধান্য পাবে। উল্লেখ্য যে, Soft কপিতে প্রদত্ত নাম সমূহও একই ভাবে লিপিবদ্ধ করতে হবে। ডেস্টিনেশন নেইম নামের ঘরে লিখে মন্তব্যের ঘরে দূরত্ব লিখতে হবে।

(খ) প্লটার প্রিন্টের কোন নাম যদি বাস্তবে না পাওয়া যায় এবং ইউনিয়ন পরিষদের তালিকায় না থাকে সেই ক্ষেত্রে ডিলিট দেখাতে হবে। প্লটার প্রিন্টের কোন নাম যদি বানান এবং পজিশন ঠিক থাকে তাহলে নতুন করে আনার প্রয়োজন নেই।

(গ) 22 Topo Form-এ পূরনকৃত সমস্ত নাম Attribute Table কোড সহ Excel এ GIS Unit এ জমা দিতে হবে। 22 Topo অনুযায়ী কোঅর্ডিনেট বুকে স্থানের নাম লিখতে হবে।

১০। ঘনবসতি পূর্ণ এলাকার ভেরিফিকেশন কাজে GIS তথ্য সম্বলিত প্লটার প্রিন্ট এবং Publish Print এর Blue Print এর সমন্বয়ে তুলনা মূলক মিল রেখে তথ্য-উপাত্ত সংযোজন বিয়োজন করতে হবে।

১১। Coordinate List এ সংগৃহীত নাম সমূহ (গ্রাম, বাজার, হাট, কারখানা, সরকারি দপ্তর সমূহের নাম) অবশ্যই 22 Topo ফর্মের কলামের নামের বানানের সাথে পুরোপুরি মিল থাকতে হবে।

১২। পার্বত্য দূর্গম এলাকার নালা/ছড়া নিত্যবহ বা অনিত্যবহ (Perennial or Non-perennial) কি-না, তা সরে জমিনে যাচাই ও পার্শ্ববর্তী শিটের সাথে প্রান্ত সমন্বয় পূর্বক সর্বাধিক গুরুত্ব সহকারে তথ্য-উপাত্ত সংগ্রহ করতে হবে। Flow arrow সঠিকভাবে প্রদর্শন করতে হবে ।

১৩। মাঠ জরিপ কাজ শেষ হওয়ার পর মাঠেই প্রান্ত সমন্বয় করে নিবেন। প্রান্ত সমন্বয়ের ক্ষেত্রে Line Symbol, Area Symbol উভয় ধরনের Feature কে বিবেচনা করতে হবে।

১৪। ইউনিয়ন পরিষদে, উপজেলা সদরে, জেলা সদরে, বিভাগীয় সদরে অবস্থিত সকল প্রকার সরকারি অফিস এবং পৌরসভা অফিস বা সিটি কর্পোরেশন অফিস জরিপ করতে হবে।

১৫। মিসিং খ্যাতনামা সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, খ্যাতনামা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, মিসিং ঐতিহাসিক নিদর্শন বা প্রত্নতাত্ত্বিক নিদর্শন জরিপ করতে হবে।

১৬। প্রত্যেক সার্ভেয়ার তার ক্যাম্পে পরিদর্শন বই সংরক্ষণ করবেন। পরিদর্শনের সময় পরিদর্শন বই উপস্থাপন করবেন । পরিদর্শন বই এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে । ক্যাম্প শিফটিং করলে নতুন অবস্থানের ঠিকানা পার্টি হেড কোয়ার্টারে জানাতে হবে। প্রত্যেক ক্যাম্প অফিসার তার অধীনস্থ সাব-ক্যাম্প এর কাজ পরিদর্শন করবেন ।

১৮। ক্যাম্প অফিসার প্রতি মাসের মাঠের কাজের অগ্রগতির প্রতিবেদন 0.45 (Tech) 0.47 (a) Travelling Index Chart এ পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে পার্টি অফিসে প্রেরণ করবেন।

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (চলতি দায়িত্ব)
উন্নয়ন সার্ভে